

## চার লাখ প্রাথমিক শিক্ষকের পদমর্যাদা ও বেতন বাড়ছে

৯ মার্চ প্রধানমন্ত্রীর ঘোষণা

শ্রীফুল আলম সূরন

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদমর্যাদা দ্বিতীয় শ্রেণীতে উন্নীত এবং সহকারী শিক্ষকদের বেতন, ছেল এক ধাপ বাড়ানোর সিদ্ধান্ত চূড়ান্ত করেছে সরকার। আগামী ৯ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা আনুষ্ঠানিকভাবে এই শিক্ষকদের পদমর্যাদা ও বেতন বৃদ্ধির ঘোষণা দেবেন। গতকাল মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান কালের কণ্ঠকে বিষয়টি নিশ্চিত করেন।

৯ মার্চ জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ শুরু হবে। ওই দিন সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে এ সপ্তাহের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। গত বছর জাতীয়করণ হওয়া বিদ্যালয়সহ বর্তমানে দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রায় ৬০ হাজার প্রধান শিক্ষক ও সার্ভে, তিন লাখ সহকারী শিক্ষক রয়েছেন।

পদমর্যাদা ও বেতন বৃদ্ধির দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছিলেন প্রাথমিক শিক্ষকরা। গত বছর জুড়েই তাঁরা মানববন্ধন, সমাবেশ... ▶▶ পৃষ্ঠা ৮ ক. ৪

## চার লাখ প্রাথমিক শিক্ষকের

▶▶ প্রথম পৃষ্ঠার পর

কর্মবিরতি, অনশনসহ নানা কর্মসূচি পালন করেন। মন্ত্রণালয় শিক্ষকদের ওই দাবি পূরণে উদ্যোগ নিলেও জনশ্রাবণে মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ে জা আটকে থাকে। গত বছরের নভেম্বরে এ বিষয়ে সব মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া যায়। কিন্তু সে সময় নির্বাচনকালীন সরকার থাকায় এ-সংক্রান্ত আইন আবারও আটকে থাকে। নতুন সরকার দায়িত্ব গ্রহণের পরই অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষকদের পদমর্যাদা ও বেতন বৃদ্ধির আইন চূড়ান্ত করা হয়। তবে পদমর্যাদা ও বেতন বাড়ানোর সঙ্গে কিছু শর্ত জুড়ে দেওয়া হয়। শর্ত অনুযায়ী, প্রধান শিক্ষক পদকে দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করা হলে নতুন নিয়োগ ও পদোন্নতি বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) আওতাভুক্ত হবে। এ ছাড়া প্রধান শিক্ষকদের পদমর্যাদা দ্বিতীয় শ্রেণীতে উন্নীত হলে বর্তমানে কর্মরত প্রধান শিক্ষক যাদের শিক্ষাগত যোগ্যতা নিয়োগবিধির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় তাঁদের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদার পাশাপাশি তাঁদের বেতনও বাড়বে। প্রশিক্ষণপ্রাপ্ত প্রধান শিক্ষকদের বেতন ছেল হবে ছয় হাজার ৪০০ টাকা (গ্রেড-১১), বর্তমানে যা পাঁচ হাজার ৫০০ টাকা। প্রশিক্ষণবিহীন প্রধান শিক্ষকদের মূল বেতন ছেল ধরা হয়েছে পাঁচ হাজার ২০০ টাকা (গ্রেড-১২)। বর্তমানে তাঁরা পাঁচ হাজার ২০০ টাকার ছেলে বেতন পান। এ ছাড়া প্রশিক্ষণপ্রাপ্ত সহকারী শিক্ষকদের বেতন চার হাজার ৯০০ টাকা থেকে বেড়ে পাঁচ হাজার ২০০ টাকা হবে (গ্রেড-১৪)। আর প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষকদের বেতন ছেল চার হাজার ৭০০ টাকা থেকে বেড়ে চার হাজার ৯০০ টাকা হবে (গ্রেড ১৫)।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান কালের কণ্ঠকে বলেন, আগের ৩৭ হাজার ৬৭২টি সরকারি বিদ্যালয়ের পাশাপাশি নতুন সরকারি হওয়া প্রায় ২৬ হাজার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা এই সুবিধা পাবেন। সব কিছুই চূড়ান্ত। ৯ মার্চ প্রাথমিক শিক্ষা সপ্তাহে প্রধানমন্ত্রী এর ঘোষণা দেবেন। এতে শিক্ষকদের বেশ বড় একটা দাবি পূরণ হলে।

কালের কণ্ঠকে বলেন, আমাদের দীর্ঘদিনের আন্দোলনের ফল পেতে যাচ্ছে। তবে সহকারী শিক্ষকরা এ বেতন বৃদ্ধিতে সন্তুষ্ট নন। বাংলাদেশ প্রাথমিক সহকারী শিক্ষক ঐক্য পরিষদের আহ্বায়ক উজ্জ্বল কুমার রায় কালের কণ্ঠকে বলেন, আমরা প্রধান শিক্ষকদের এক ধাপ নিচে বেতন ছেল চেয়েছিলাম। কিন্তু জা না হওয়ায় আমরা এখনকার চেয়েও বঞ্চিত হব। এখন আমরা প্রধান শিক্ষকদের দুই ধাপ নিচে বেতন পাই। বেতন বৃদ্ধির পর তিন ধাপ নিচে পাব।